



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- ০৭(ঢ-১২১) জাতীয় বিঃ/কঃপঃ/কোড-১১০১/ ২২৭৯৫

তারিখঃ ০৮/১১/১৬

প্রধান সহকারী
প্রয়োজনীয় কার্যক্রম

অবঃ
সরকারি বিএম কলেজ
বরিশাল

পত্র গ্রহণ
ডকেট নং ২১৭৫
তারিখ ০৮/১১/১৬

প্রাপক : অবঃ
সরকারি বিএম কলেজ
বরিশাল

বিষয় : স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষাকার্যক্রমে প্রথম সাময়িক অধিভুক্তি প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি কমিটির ৭৪তম সভার সুপারিশ ও অধিভুক্তি কমিটির সুপারিশ এবং একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে আপনার কলেজে নিম্নোক্ত শিক্ষা কার্যক্রম ও বিষয়ে শর্তাবীনে পরীক্ষামূলকভাবে প্রথম সাময়িক অধিভুক্তি প্রদান করা হলো :

শিক্ষাকার্যক্রম	শিক্ষাবর্ষ	বিষয়	আসন সংখ্যা
স্নাতকোত্তর শেষ পর্ব	২০১৪-২০১৫	মার্কেটিং ফিন্যান্স	৫০ ৫০

পালনীয় শর্তাবলী :

- ১। স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষা কার্যক্রমে মার্কেটিং ও ফিন্যান্স বিষয়ে সর্বোচ্চ ৫০ জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোন অবস্থাতেই আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না;
- ২। আগামী ০১(এক) বছরের মধ্যে অধিভুক্ত বিষয়সমূহে কাম্য সংখ্যক (১২ জন) শিক্ষকের পদসৃষ্টি ও পদায়ন/সংযুক্তি প্রদান করে প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিভাগীয় ভৌত অবকাঠামোর উন্নয়ন করতে হবে;
- ৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে কলেজের সাধারণ ও সংরক্ষিত তহবিলের স্থিতি ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং অধিভুক্ত স্নাতকোত্তর (শেষ পর্ব) বিষয়ের অনুকূলে অতিরিক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে সংরক্ষিত তহবিল গঠন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
- ৪। আগামী ০১ (এক) বছরের মধ্যে লাইব্রেরী ও সেমিনার কক্ষে স্নাতকোত্তর (শেষ পর্ব) শিক্ষা কার্যক্রমের প্রতিটি বিষয়ের পুস্তক সংখ্যা ২,০০০ (দুই হাজার)-এ উন্নীত করে প্রামাণ্য কাগজপত্রসহ বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
- ৫। কলেজের ফলাফল ভাল করার জন্য টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা চালু করতে হবে;
- ৬। স্নাতকোত্তর শেষ পর্ব শিক্ষাকার্যক্রমের চূড়ান্ত পরীক্ষা নিজ কলেজে অনুষ্ঠিত হবে না। পরীক্ষা কোথায় হবে সে বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করবে;
- ৭। কলেজে ইন্টারনেট সংযোগসহ ই-মেইল এড্রেস খুলে জাতীয় বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে;
- ৮। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত সংশ্লিষ্ট বিধি বিধান অত্র কলেজের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ৯। স্নাতকোত্তর শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে গিয়ে অনার্স কার্যক্রমকে বাধাগ্রস্ত করা যাবে না। প্রয়োজনে অতিরিক্ত শিফট চালু এবং প্রয়োজনীয় শ্রেণীকক্ষ সহ অন্যান্য সুবিধাদি বাড়াতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

০৮/১১/১৬

প্রফেসর ড. মোঃ শামসুদ্দীন ইলিয়াস
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

তারিখঃ

স্মারক নং- ০৭(ঢ-১২১) জাতীয় বিঃ/কঃপঃ/কোড-১১০১/
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। প্রো-ভাইস-চ্যান্সেলর, (একাডেমিক), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, সেগুন বাগিচা, ঢাকা
- ৩। ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর